

পবিপ্রবি ভর্তির ক্ষেত্রে ডোপটেস্ট বাধ্যতামূলক

নিজস্ব প্রতিবেদক, পটুয়াখালী

১১ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) কৃষি গুচ্ছভুক্ত কৃষি, মৎস্য বিজ্ঞান, অ্যানিমেল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের স্নাতক পর্যায়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে এ বছর প্রথমবারের মতো ডোপ টেস্ট চালু করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষার্থী মাদকাসক্ত কিনা, তা দেখা হয়। গতকাল বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে দ্বিতীয় দিনের মতো ভর্তি কার্যক্রম শুরু হয়।

এ কার্যক্রমে বাধ্যতামূলক ডোপ টেস্টের (মাদক গ্রহণ নির্ণয়কারী পরীক্ষা) মাধ্যমে ভর্তি নিচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারের চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের সহায়তায় শিক্ষার্থীদের ডোপ টেস্ট চলছে।

বিশ্ববিদ্যালয়ের ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার ডা. সুরত প্রসাদ সিকদার বলেন, শিক্ষার্থীদের মধ্যে আগে যাদের রক্তের গ্রুপ জানা নেই, তাদের রক্তের গ্রুপও পরীক্ষা করা হচ্ছে। এ ছাড়া ডোপ টেস্ট করে তাৎক্ষণিকভাবে ফল দেওয়া হচ্ছে। দুপুর ১২টা পর্যন্ত ১০০ শিক্ষার্থীর ডোপ টেস্ট করা হয়েছে। তবে তাদের মধ্যে কারও ফল পজিটিভ হয়নি।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম হেমায়েত জাহান বলেন, সাতটি স্তরে শিক্ষার্থীদের ভর্তি সম্পন্ন হচ্ছে। এর মধ্যে শিক্ষার্থীর রক্ত পরীক্ষা, ডোপ টেস্ট, স্বাক্ষর যাচাই, তথ্য যাচাই ও রেজিস্ট্রেশন প্রদান, ভর্তি ফি গ্রহণ, চূড়ান্ত রেজিস্ট্রেশন যাচাই, হল সংযুক্তি প্রদান ও হলের আসন

বণ্টনের আবেদন নেওয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম বলেন, ‘ডোপ টেস্টের চারটি ক্যাটাগরি রয়েছে। এর মধ্যে বেনজুডাইয়াজিপাইন অন্তর্ভুক্ত সিওপিং পিল, মারিজুয়ানা (গাঁজা), ইয়াবা ও আফিম। সিওপিং পিলের ক্ষেত্রে চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী গ্রহণ করা হলে, তা গ্রাহ্য করা হচ্ছে। তবে তা মাত্রাতিরিক্ত হলে শিক্ষার্থীর তথ্যগুলো আমরা কাউন্সিল টিম ও সংশ্লিষ্ট বিভাগে পৌঁছে দেব। পরে ওই শিক্ষার্থীকে কাউন্সেলিংয়ে রাখবে তারা অথবা পুনর্বাসন কেন্দ্রে পাঠানো হবে।’